

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প
কক্ষ নং-৭০৯, ভবন-২, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
১৬ আব্দুল গণি রোড, শিক্ষা ভবন, ঢাকা-১০০০
Web: www.dsncp.edu.bd

স্মারক নং- তথ্য প্র: নির্বা: বে: ক: প্র:পিআইইউ/প্রশিক্ষণ সংক্রান্ত/২৮/২০১৩/৩৬

তারিখ: ০৪/০৮/২০১৬

বিষয়: “তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন” শীর্ষক প্রকল্পের আওতায় বিজ্ঞান শিক্ষকগণের আইসিটি নির্ভর ডিজিটাল কনটেন্ট ডেভলপম্যান্ট প্রশিক্ষণের জন্য শিক্ষকগণের ও অন্যান্য উন্নয়ন কাজের জন্য কলেজের তথ্য প্রেরণ সংক্রান্ত।

শিক্ষা মন্ত্রণালয়বাহীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাব্যধীন “তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন” প্রকল্পের অধীনে বেসরকারি কলেজসমূহের আইসিটি ল্যাব স্থাপন, স্মার্ট ক্লাসরুম ও আইসিটি প্রশিক্ষণ, অবকাঠামো উন্নয়ন(একাডেমিক ভবন নির্মাণ), ক্লাসরুম ফার্নিচার সরবরাহ অঙ্গ রয়েছে। এরই প্রেক্ষাপটে প্রকল্পের আওতাভুক্ত কলেজসমূহের প্রত্যেক কলেজের ৩ জন করে বিজ্ঞানের শিক্ষকদের প্রশিক্ষণ (“ডিজিটাল কনটেন্ট প্রণয়ন, শ্রেণিকক্ষে উপস্থাপন, সফটওয়্যার ও হার্ডওয়্যার ট্রাবল স্যুটিং এবং আইসিটি ল্যাব অপারেশন” সরকারি টিটিসি, এইচএসটিটিআই ও নায়ম ভেন্যুতে) প্রদানের পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। তাছাড়া, এ সব কলেজের অন্যান্য উন্নয়ন কাজ বাস্তবায়নের লক্ষ্যে কলেজের তথ্য প্রয়োজন।

বর্ণিত এ প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে আপনার প্রতিষ্ঠানের বিজ্ঞান বিভাগ/অনুষদের [(পদার্থবিজ্ঞান, গণিত, আইসিটি/ কম্পিউটার বিজ্ঞান (কম্পিউটার সায়েন্স বা বিজ্ঞানের যে কোন শিক্ষক)], রসায়ন, জীববিজ্ঞান, পরিসংখ্যান, কৃষি বিজ্ঞান ও ভূগোল) শিক্ষকগণের তালিকা এবং কলেজের তথ্যসহ সংযুক্ত ফরমেট পূরণপূর্বক অনুযায়ী অবিলম্বে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

উল্লেখ্য,

- ১। প্রত্যেক শিক্ষকের মোবাইল নং ও ই-মেইল একাউন্ট উল্লেখপূর্বক ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
- ২। এ প্রকল্পের অধীনে যে সকল শিক্ষক উল্লিখিত প্রশিক্ষণ পূর্বে গ্রহণ করেছেন তাদের নাম প্রেরণের প্রয়োজন নেই।
- ৩। কলেজের প্যাটার্ন পদ বহির্ভূত এবং খণ্ডকালীন কোন শিক্ষকের তথ্য প্রেরণের প্রয়োজন নেই।
- ৪। সকল তথ্য ফরমেট যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৫। কোন প্রকার অসত্য/ভুল তথ্য প্রেরণ করা যাবে না। অসত্য তথ্য প্রেরণকারীদের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। হার্ড কপি ডাক যোগে ও সফট কপি প্রকল্পের ই-মেইলে অবশ্যই প্রেরণ করতে হবে।
- ৭। যে সকল কলেজে বিজ্ঞান বিভাগ নাই, আইসিটি শিক্ষকদের তথ্য প্রেরণ করতে হবে।

বি:দ্র: প্রকল্পের ওয়েবসাইটে (www.dsncp.edu.bd) প্রশিক্ষণের তথ্য ফর্ম সংগ্রহ করা যাবে এবং ই-মেইলে প্রেরণ করতে হবে।

সংযুক্তি: ফরমেট ০১,০২, ০৩ ও ০৪ নং কপি।

প্রফেসর মো: সিরাজুল ইসলাম
প্রকল্প পরিচালক

ফোন : ৯৫৮৭৮৮৮, ফ্যাক্স : ৯৫৮৭৮৮৯

E-mail No: pd1500college@gmail.com

অধ্যক্ষ

.....
.....

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: ক) অতিরিক্ত সচিব (উন্নয়ন) শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
খ) যুগ্ম-প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,
- ৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা।
- ৪। পরিচালক (পরি, ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। সংরক্ষণ নথি।